# শাজাহানপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

## শাজাহানপুর,বগুড়া।

স্মারক নং- ৪৭.৬২.১০৮৫.১০০.২৫.০২৯.১৪.১১৭

তারিখ ঃ - ০২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

## শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে আবশ্যকীয় বিষয় ও প্রার্থীদের যোগ্যতা সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়ে বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা শাজাহানপুর ইউসিসিএ লিঃ সদস্য ভূক্ত সকল প্রাথমিক সমবায় সমিতি (কে,এস,এস) লিঃ এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির ২৪/০৭/২০২৫ খ্রিঃ তারিখ মোতাবেক ০৯ই শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ, রোজঃ বৃহস্পতিবার অনুষ্ঠিব্য নির্বাচনে আবশ্যকীয় বিষয়সমূহ ও উক্ত নির্বাচনে অংশগ্রনের ক্ষেত্রে শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর উপবিধি,সমবায় সমিতি আইন/২০০১ ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর আলোকে আবশ্যকীয় বিষয়ে সংক্ষিপ্তাকারে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

১. শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটি ০১ (এক) জন সভাপতি, ০১(এক) জন সহ-সভাপতি ও ০৬ (ছয়) জন সদস্য সমন্বয় গঠিত হবে।

২. শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর সদস্যভূক্ত সকল প্রাথমিক সমবায় সমিতি (কে,এস,এস) লিঃ এর প্রতিনিধিগনের প্রত্যক্ষ গোপন ভোটে শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির একজন সভাপতি ও একজন সহ-সভাপতি নির্বাচিত হবেন।

৩. শাজাহানপুর উপজেলায় অত্র ইউসিসিএ লিঃ এর কার্যকরী সমগ্র এলাকা সংশ্লিষ্ট সমিতি সমূহের সমন্বয়ে ০৬ (ছয়) টি নির্বাচনী এলাকা (ব্লক) এ বিভক্ত। প্রত্যেক নির্বাচনী এলাকা (ব্লক) হতে ০১ (এক) জন করে মোট ০৬ জন সদস্য সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা (ব্লক) এর ভোটার প্রতিনিধিগণের প্রত্যক্ষ গোপন ভোটে নির্বাচিত হবেন। সমবায় সমিতি আইন ও সমবায় সমিতি বিধিমালার আলোকে প্রকাশিত নির্বাচনী এলাকা (ব্লক) এর তালিকা অফিসের নোটিশ বোর্ডে দেখা যাবে।

৪. প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বয়স ২১ (একুশ) বছর পূর্ন হতে হবে।

৫. নির্বাচন অনুষ্ঠানের তারিখ পর্যন্ত অব্যাহত ভাবে অন্তত ১২ মাস ব্যাপী সমিতির সদস্য হিসাবে বহাল থাকতে হবে।

৬. কোন ফৌজদারী অপরাধের কারণে দোষী সাব্যস্ত হয়ে দুই বছর বা ততোধিক মেয়াদের কারাদন্ডে দন্ডিত হয়ে থাকলে এবং কারাভোগের পর ০৫ (পাঁচ) বছর সময় অতিবাহিত না হলে তিনি নির্বাচনে অযোগ্য হবেন।

৭. যথাপোযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতস্থ ঘোষিত ব্যক্তি নির্বাচনে অযোগ্য হবেন।

৮. প্রার্থী নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ০৩ (তিন) বছর যাবৎ অব্যাহত ভাবে সংশ্লিষ্ঠ প্রাথমিক সমবায় সমিতির সদস্য না থাকেন এবং এই ০৩ (তিন) বছরে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত না থাকলে তিনি নির্বাচনে অযোগ্য বিবোচিত হবেন।

৯. নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতাকারী ব্যক্তিকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতার জন্য সমবায় আইন ও সমবায় সমিতি বিধিমালার আলোকে সংশ্লিষ্ঠ প্রাথমিক সদস্য সমিতি (কে,এস,এস) লিঃ বৈধ ব্যবসস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত রেজুলেশনের মাধ্যমে লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত হতে হবে। ভোটার প্রতিনিধি হিসাবে ভোটদানের জন্য ও অনুরুপ লিখিত ভাবে ক্ষমতা প্রাপ্ত হতে হবে। প্রার্থী এবং ভোটার প্রতিনিধি উভয়ের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৩৩ (২) এর বিধান হতে নির্ধারিত

চলমান পাতা

পরিচয়পত্র (ফরম-৮) আবশ্যক। উক্ত পরিচয় পত্রের ও সংযুক্ত ছবিতে উপজেলা সমবায় অফিসার/জেলা সমবায় অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১০. ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর। ধারাবাহিক ভাবে তিন মেয়াদে নির্বাচিত সদস্যের ক্ষেত্রে মেয়াদকালে গণনার বাধ্যবাধকতা প্রযোজ্য হবে। তবে ব্যবস্থাপনা কমিটির কোন নির্বাচিত সদস্য মেয়াদ পূর্তীর পূর্বে পদত্যাগ করিলে কিংবা বহিস্কৃত হলে ব্যবস্থপনা কমিটিতে তার স্বাভাবিক মেয়াদ পূর্ন হয়েছে বলে বিবেচিত হবে।

১১. ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে কোন ব্যক্তি একই সঙ্গে একাধিক পদে প্রার্থী হতে পারবেন না।

১২. প্রাথমিক সমবায় সমিতির প্রতিনিধি হিসাবে কোন ব্যক্তি কেন্দ্রীয় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে একবার প্রার্থী হলে তার পরবর্তীতে উক্ত প্রথমোক্ত সমিতির প্রতিনিধি ব্যতিত অন্য কোন সমিতির প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

১৩. কোন ব্যক্তি সমবায় সমিতি,ব্যাংক বা আর্থিক পতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহিত বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেয়া ঋণ অগ্রীম কিংবা পণ্যের মূল্য বা অন্য যে কোন খেলাপী পাওনার খেলাপীর অংশ মনোনয়ন দাখিলের পূর্বে সম্পূর্ন পরিশোধ না করা পর্যন্ত কোন সমবায় সমিতির নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন না।

১৪. ঋণ খেলাপী সদস্য সমিতির খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন দাখিলের পূর্বে পরিশোধ না করা পর্যন্ত এবং নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ০২ (দুই) বছরের বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্য্যকর হিসাবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন স্থগিত/বাতিল হয়েছে এই ধরণের কোন সদস্য সমিতি কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশগ্রহন কিংবা অংশগ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করতে পারবে না।

১৫. নির্বাচন কমিটির কোন সদস্য সংশ্লিষ্ট নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

১৬. সমবায় সমিতি আইন-২০০১,সমবায় সমিতি বিধিমালা ২০০৪ ও ইউসিসিএ লিঃ এর উপ-বিধির আলোকে সুষ্ঠ নির্বাচন পরিচালনার লক্ষ্যে অনুমোদিত নির্বাচিত কমিটি কর্তৃক যথাসময়ে নির্বাচনী তফশীল ঘোষণা করা হবে।

১৭. নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচনী তফসিল ঘোষণার পর অত্র শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত ফি জমা দিয়ে নির্বাচন কমিটির সভাপতি/ইউসিসিএ লিঃ কার্যালয় হতে মনোনয়ন পত্র,ভোটার তালিকা ও নির্বাচনী এলাকা (ব্লক) এর তালিকা সংগ্রহ করা যাবে। নির্বাচন কমিটির সভাপতি/ইউসিসিএ লিঃ কার্যালয় হতে সরবরাহকৃত মনোনয়ন পত্র ফরম ব্যতিত অন্য কোন ফরমে মনোনয়ন পত্র দাখিল করলে তাহা গ্রহণযোগ্য হবে না দাখিলকৃত মনোনয়ন পত্র ফরমে উপজেলা সমবায় অফিসার/জেলা সমবায় অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১৮. শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর নিবন্ধিত উপবিধি,সমবায় সমিতি আইন-২০০১ ও সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর বিধান মোতাবেক নির্বাচন অনুষ্ঠিত হবে।

১৯. মনোনয়ন পত্রের অফেরত যোগ্য টাকা ইউসিসিএ লিঃ এর সঞ্চয়ী হিসাব নং- ০২০০০১০২৫৪৭৬৭, অগ্রণী ব্যাংক পিএলসি, মাঝিড়া, শাজাহানপুর, বগুড়া শাখায় তিন অংশ বিশিষ্ট ভাউচার মুলে জমা করতে হবে। সভাপতি পদে ৫,০০০/- টাকা সহ সভাপতি পদে ২,৫০০/- টাকা পরিচালক পদে ২,০০০/- টাকা।
উক্ত জমার মূল ভাউচার মনোনয়ন পত্রের সংঙ্গে সংযুক্ত করতে হবে।

নির্বাচন সংক্রান্ত বিস্তারিত আরও কোন তথ্য প্রয়োজন হলে অফিস চলাকালীন সময়ে ইউসিসিএ লিঃ এর দপ্তর থেকে জানা যাবে।

মোঃ সালাহ্ উদ্দীন সিদ্দিক
উপজেলা সমবায় অফিসার
বগুড়া সদর, বগুড়া